

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

স্মারক নং- ১৩.০১.৮১৬১.০০১.২৩.০১৩.১৭.

২১৬০

তারিখঃ ২২/১০/২০২৪খ্রি.

ও এম এস কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৯/১০/২০২৪খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২৩.২০৫ নং-স্মারক মোতাবেক এবং ওএমএস ডিলার নিয়োগ নীতিমালা'২০২৪ অনুযায়ী সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার রায়গঞ্জ পৌরসভার ওএমএস কর্মসূচীর জন্য সরকার নির্ধারিত মূল্যে খাদ্যশস্য বিপ্লবিতরণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে পৌরসভার মোট ০৬ (ছয়) জন ওএমএস ডিলার নিয়োগ করার জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ইচ্ছুক ব্যক্তিগণকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব উপজেলা ওএমএস ডিলার নিয়োগ কমিটি রায়গঞ্জ, সিরাজগঞ্জ বরাবর আগামী ৩০/১০/২০২৪খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ১। ডিলার কে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং কমপক্ষে ১৮ বছর বয়স হতে হবে।
- ২। পৌরসভার ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ৩। ফুড গ্রেইন লাইসেন্স প্রাপ্ত হতে হবে।
- ৪। ওএমএস ডিলারের কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- ৫। মাল্যমালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- ৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ৭। খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- ৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ৯। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ১০। কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
- ১১। ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
- ১২। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- ১৩। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা'২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারদের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসাবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
- ১৪। ওএমএস ডিলার নিয়োগ নীতিমালা'২০২৪ অনুযায়ী আবেদন পত্রের ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করতে হবে।
- ১৫। নিয়োগ প্রাপ্ত হইলে ৫০,০০০/- হাজার টাকার জামানত পে অর্ডার আকারে জমা করতে হবে ও ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার নামা দিতে হবে। আবেদনপত্রের সাথে (ক) পাসপোর্ট সাইজের ছবি ৪ কপি। (খ) ফুড গ্রেইন লাইসেন্স এর ফটোকপি (২কপি)। (গ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছতার সনদপত্র (মূল কপিসহ ২সেট)। (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি (২সেট)। (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (২কপি)। (চ) নাগরিক সনদপত্রের ফটোকপি (২কপি)। (ছ) অঙ্গীকারনামা সংযুক্ত করতে হবে।

(মোঃ সিরাজুল ইসলাম সরকার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
ওএমএস ডিলার নিয়োগ কমিটি
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
তারিখঃ ২২/১০/২০২৪খ্রি.

স্মারক নং-১৩.০১.৮১৬১.০০১.২৩.০১৩.১৭.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৪। উপজেলা পৌর প্রশাসক (সহকারী কমিশনার, ডুমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৫। উপজেলা কৃষি অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৭। ইমাম, রায়গঞ্জ মডেল মসজিদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৮। সংরক্ষণ নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।